# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/১০০/গাজী/ ৪০৬৮ তারিখ: ২২/০৬/২৪

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪, তারিখ- ১২/০৫/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ মোতাবেক নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন প্রসঙ্গে।**

সূত্র: ১। মোহাম্মদ উমর ফারুক কর্তৃক চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৪/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/১০০/গাজী/ ৩০৫৯ তারিখ: ১৪/০৫/২০২৪ ইং।

৩। মো: সুলতান খান কর্তৃক চেয়ারম্যান, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ১৪/০৫/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন।

৪। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪, তারিখ: ১২/০৫/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ।

(ক) উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, সূত্রোক্ত- ৪ নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪, তারিখ- ১২/০৫/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ মোতাবেক, সূত্রোক্ত- ১ নং ক্রমিকে উল্লিখিত, উক্ত পিটিশনের পিটিশনার মোহাম্মদ উমর ফারুক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৪/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন (Annexure- 'D') আদেশ প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে বিনা ব্যর্থতায় বিধি মোতাবেক নিষ্পত্তির জন্য রেসপনডেন্ট নং- ৩, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-কে নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য যে, উক্ত পিটিশনে ৫, ৬ ও ৭ নং -এ যথাক্রমে জেলা শিক্ষা অফিসার, গাজীপুর, জেলা প্রশাসক, গাজীপুর ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর রেসপনডেন্ট হিসেবে অর্ন্তভূক্ত করা হয়েছে।

মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪, তারিখ: ১২/০৫/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ অনুযায়ী বিধিমোতাবেক তা নিষ্পত্তিকল্পে রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪ এর পিটিশনার মোহাম্মদ উমর ফারুক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৪/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন ও উক্ত পিটিশনের সাথে সংযুক্ত সকল তথ্যাদি পর্যালোচনান্তে, ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুর-এর ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধি ৭ ও ৮ ধারায় গঠিত নিয়মিত ম্যানেজিং কমিটি ২০২৪ গঠনের লক্ষ্যে বিধিমোতাবেক প্রিজাইডিং অফিসার হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর নিয়োগপ্রাপ্ত হন। নিয়োগ প্রাপ্তির পরবর্তীতে প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনী তফসিল ঘোষণাপূর্বক নির্বাচনী সকল প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করে গত ০৩/০৪/২০২৪ ইং তারিখে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হয়। বিধি অনুযায়ী, নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি মনোনীত/নির্বাচিত করার উদ্দেশ্যে বিগত ০৮/০৪/২০২৪ ইং তারিখে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে সভা পরিচালিত হয়। উক্ত সভায় নির্বাচিত সদস্যগণের মধ্যে ০৮ (আট) জন সদস্যের প্রত্যক্ষ ভোটের মাধ্যমে মোহাম্মদ উমর ফারুক সভাপতি পদে নির্বাচিত হলেও, দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি পদে মোহাম্মদ উপমর ফারুক-কে 'সভাপতি পদে নির্বাচিত হিসেবে ঘোষণা না করে' অজ্ঞাত কারণে সভাটি অসমাপ্ত রেখে সভাস্থল ত্যাগ করে চলে যান, যা মোটেই কাম্য নং এবং বিষয়টি বিধিসম্মত নয়।

উল্লেখ্য যে, নির্বাচিত ০৮ (আট) জন সদস্য উক্ত পিটিশনের পিটিশনার মোহাম্মদ উমর ফারুক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৪/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদনে (Annexure- 'D') উপরোল্লিখিত বর্ণিত বিষয়ের সাথে সহমত পোষণ করে সদস্যগণের নাম উল্লেখসহ পদের বিপরীতে তাদের স্বীয় স্বাক্ষর প্রদান করেছেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪, তারিখ: ১২/০৫/২০২৪ ইং এর প্রদত্ত নির্দেশনা অনুযায়ী, ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুর-এর গঠিত ম্যানেজিং কমিটি (প্রবিধানমালা- ২০০৯

এর প্রবিধি ৭ ও ৮ ধারায় গঠিত) নির্বাচন-২০২৪ বিধি মোতাবেক সম্পন্ন করার লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুরকে ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধি ৮(২) ও ৮(৩) সংশোধনী ধারাসমূহকে যথাযথভাবে অনুসরণ করে গঠিত ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচিত/ মনোনীত করার বিষয়-এ জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

(খ) উপরোল্লিখিত বর্ণিত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর-কে নিবিড় পর্যবেক্ষণ ও হস্তক্ষেপ গ্রহন-সহ নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

(গ) ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, ,গাজীপুর-এ গঠিত ম্যানেজিং কমিটি (প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধি ৭ ও ৮ ধারায় গঠিত) নির্বাচন ২০২৪ বিধি মোতাবেক সম্পন্ন করার পর জরুরী ভিত্তিতে বোর্ডের ই-নথিতে আবেদন দাখিল করার জন্য প্রধান শিক্ষক, ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুর-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: ১। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর
৩। প্রধান শিক্ষক, ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর গাজীপুর।

মেমো নং- ৪০৬৮-(৭)

তারিখ : ২২/০৬/২৪

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৫। সুলতান খান, পিতা- মোঃ শহীদ খান, ধামলই, হয়দেবপুর, শ্রীপুর, গাজীপুর।
৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অফিস কপি।

২২/০৬/২০২৪
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২২/০৬/২০২৪

G:\jakir\DHAKA JILA\Chitthy 2024.doc